

# প্রচলিত শিক্ষায় তরুণদের আধুনিক নির্মাতা বানানো যায় না : শিক্ষামন্ত্রী

যায়দি রিপোর্ট

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রচলিত শিক্ষা ব্যবস্থা দিয়ে দেশের তরুণ সমাজকে আধুনিক নির্মাতা হিসেবে গড়ে তোলা সম্ভব নয়। একদা দরকার আধুনিক শিক্ষা। আধুনিক যুগের বিশ্বমানসূত্র শিক্ষা ব্যবস্থাই পারে আধুনিক সমাজ ও দেশ গড়তে।

সোমবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কেন্দ্রের মিলনায়তনে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে 'মহৎ কর্মোদ্যোগ, স্বীকৃতি অর্জন ও মাতৃভাষা প্রতিষ্ঠা-সংগ্রামের চেতনা বিকাশে শেখ হাসিনার চুম্বিকা' শীর্ষক সেমিনারের প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রী সংসদ এ সেমিনারে আয়োজন করে। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষানীতিতে ক্ষুদ্র ছাতি গোষ্ঠীর মাতৃভাষাকে অবহেলা করা হয়নি। এ ছাড়াও তাদের ভাষা বিকশিত করার জন্য বর্তমান সরকার কাজ করবে।

শিক্ষাপ্রতিষ্ঠানে বাংলা ভাষা গুরুত্বের সঙ্গে পড়ানো হয় না উল্লেখ করে তিনি বলেন, সরকার ইচ্ছা করলে শিক্ষাপ্রতিষ্ঠানে গুরুত্ব সহকারে বাংলা ভাষা শিক্ষার ব্যবস্থা করতে পারে। তবে শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষকেরা মন থেকে না চাইলে এটা কখনোই সম্ভব নয়।

তিনি বলেন, ভাষা আন্দোলন বাঙালি জাতির হাজার বছরের অন্যতম একটি আন্দোলন। ভাষা আন্দোলন জাতির মুক্তবুদ্ধি ও চেতনার আন্দোলন। এ আন্দোলনে বাংলার ছাত্রসমাজই নেতৃত্ব দিয়েছে। তিনি বলেন, বাংলা ভাষা একমাত্র ভাষা, যে ভাষার

প্রতিষ্ঠার জন্য আন্দোলন হয়েছে। বাংলা ভাষার স্বীকৃতির লড়াই বিশ্বে বিরল। বর্তমানে মাতৃভাষা বিকাশের জন্য নানা কর্মসূচী চলছে। বাংলা ভাষা পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ ভাষা। তাই জাতিসংঘের দাপ্তরিক ভাষা করার জন্য জাতিসংঘে আবেদন করা হয়েছে। জাতিসংঘের ইউনেস্কোর সদর দপ্তরে আমাদের মাতৃভাষার প্রতীকী শব্দীয় মিনার নির্মাণ করবে সরকার। বাংলাদেশের জনগণের

উদ্দেশ্য তিনি বলেন, যে ভাষার জন্য অনেক মানুষ জীবন দিল, সেই দেশের মানুষ মীরবই থেকে গেল। দুঃখ-কষ্ট অতিক্রম করে আমরা আমাদের লক্ষ্যে পৌঁছাতে পারিনি। স্বাধীনতার ৪০ বছরেও আমরা আমাদের লক্ষ্য অর্জন করতে পারিনি। সারা পৃথিবী বাংলা ভাষাকে স্বীকৃতি দিয়েছে। বাংলা ভাষার জন্য আমরা কি করলাম। বাংলা ভাষাকে ভালোভাবে এবং গুরুত্বের সাথে শিখতে হবে।

বিশ্ববিশ্বে যোগাযোগ করার জন্য আমরা ইংরেজি শিখব, তবে তা দ্বিতীয় ভাষা হিসেবে। আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট সম্পর্কে তিনি বলেন,

ভাষার গবেষণা ও বিলুপ্তপ্রায় ভাষার সংরক্ষণের জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট নির্মাণের জন্য প্রধানমন্ত্রী উদ্যোগ নিলেও বিএনপি-জামায়াত জোট সরকার তা বাতিল করে দেয়। পরে বর্তমান সরকার ক্ষমতায় এসে এ ইন্সটিটিউট নির্মাণ করেছে। তিনি আরো বলেন, 'বর্তমান বিশ্বে প্রায় ছয় হাজার ভাষা প্রচলিত আছে। তিন হাজার প্রায় বিলুপ্তির পথে। প্রতিদিন কোনো না কোনো ভাষা বিলুপ্তির শিকার হয়। বাংলা একটি উদার ভাষা। পৃথিবীর অনেক ভাষার শব্দ আমরা ব্যবহার করি।

**শিক্ষানীতিতে ক্ষুদ্র  
জাতিগোষ্ঠীর  
মাতৃভাষাকে অবহেলা  
করা হয়নি। এ ছাড়াও  
তাদের ভাষা বিকশিত  
করার জন্য বর্তমান  
সরকার কাজ করবে**